207

তারিখ JUL 26 1999
পৃষ্ঠা 4 কলাম 6

দৈনিক সংবাদ

## প্রতিবাদলিপি

গত ১৩-০৭-৯৯ তারিখে 'ভোরের কাগজ' ও ১৪-০৭-৯৯ দৈনিক 'সংবাদ' পত্রিকায় চিঠিপত্র কলামে 'মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে দুর্নীতি' শিরোনাম দিয়ে মোহাম্মদপুর নিবাসী জনৈক তথাকথিত অভিভাবক এবং ১৪-০৭-৯৯ তারিখে দৈনিক সংবাদের চিঠিপত্র কলামে 'মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে' শিরোনাম দিয়ে মোহাম্মদপুর নিবাসী মোল্লা নুরুল ইসলাম প্রকাশিত মিথ্যা ও বানোয়াট তথ্যকে কেন্দ্র করে ১৮-০৭-৯৯ তারিখে সকাল ১১টা ৪৫ মিনিটে মহিলা পলিটেকনিক ইনস্টিটিউটে উপাধ্যক্ষের সভাপতিত্বে শিক্ষক কাউন্সিলের এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভাগীয় প্রধানগণসহ প্রায় সকল শিক্ষক বক্তব্য রাখেন। সভায় বিভিন্ন বক্তা মোহাম্মদপুর নিবাসী জনৈক তথাকথিত অভিভাবক ও মোহাম্মদপুর নিবাসী জনৈক মোল্লা নুরুল ইসলাম মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট ও অত্র প্রতিষ্ঠানের বিভিন্ন কর্মকর্তার সম্পর্কে যেসব মিথ্যা তথ্য প্রদান করেছেন তার তীব্র প্রতিবাদ জানিয়েছেন। অত্র ইনস্টিটিউটের সব ধরনের কার্যক্রম সরকারি রীতিনীতি এবং প্রশাসনিক ও একাডেমিক সভার সিদ্ধান্ত মোতাবেক পরিচালিত হয়ে থাকে। ইনস্টিটিউটের বিভিন্ন কর্মকর্তাদের বিরুদ্ধে যেসব তথ্য প্রকাশ করা হয়েছে তা সম্পূর্ণ মিথ্যা ও উদ্দেশ্যমূলক। এ ধরনের মিথ্যা ও বানোয়াট তথ্য প্রকাশে অত্র ইনস্টিটিউটের জনৈক দুর্নীতিপরায়ণ ও ছাত্রীদের দ্বারা অভিযুক্ত শিক্ষক জড়িত আছেন বলে এ সভা মনে করে। ইতোমধ্যেই অধ্যক্ষ মহোদয় উক্ত শিক্ষকের অপকর্মের বিরুদ্ধে সরকারি চাকরি বিধি ও আচরণ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছেন। এতদবিষয়ে সকল প্রকার বিভ্রান্তি নিরসনকল্পে এই প্রতিবাদলিপি প্রদান করা হলো।

উপাধ্যক্ষ
মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট
শেরে বাংলানগর, ঢাকা-১২০৭।